# এইচ এস সি পরীক্ষা ২০১৭ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

বিষয় কোড | ১ | ২ | ৩

## বিষয় ঃ মনোবিজ্ঞান ১ম পত্র (সৃজনশীল)

**সময় ঃ ২ ঘণ্টা ৩০ মিনিট** **পূর্ণমান—৫০**

[ বিশেষ দ্রষ্টব্য ঃ নিচের ৮টি প্রশ্ন থেকে সর্বমোট ৫টি প্রশ্নের উত্তর দিতে হবে। ১ এবং ৮ নং প্রশ্নের উত্তর দেয়া বাধ্যতামূলক। 'ক' ও 'খ' প্রতি গুচ্ছ থেকে কমপক্ষে ১টি করে মোট ৩টি প্রশ্নের উত্তর দিতে হবে। ]

১. দ্বাদশ শ্রেণির মেধাবী ছাত্রী সানজানা লক্ষ করলো ইদানীং সে লেখাপড়ায় মনোযোগ দিতে পারছে না। পরীক্ষার সময় ওর হাত-পা কাঁপে, প্রশ্নের যথাযথ উত্তর লিখতে পারে না। এ জন্য সর্বক্ষণ মায়ের বকুনি খেতে হয়। ওর কারো সাথে কথা বলতে ইচ্ছে করে না। সানজানার শ্রেণিশিক্ষক বিষয়টি লক্ষ্য করলেন। তিনি ওকে বিশেষ ডিগ্রীপ্রাপ্ত কলেজের মনোবিজ্ঞানের শিক্ষকের নিকট নিয়ে যান। এরপর থেকে প্রায়ই তাকে মনোবিজ্ঞানের শিক্ষকের সাথে একান্তে কথা বলতে দেখা যেতো। এর ফলে সানজানা উপকৃত হয়।

ক) মনোবিজ্ঞানের আধুনিক সংজ্ঞা দাও। ১

খ) প্রাণীর আচরণ কেন মনোবিজ্ঞানের বিষয়বস্তুর অন্তর্ভুক্ত? ব্যাখ্যা কর। ২

গ) উদ্দীপকে সানজানার সমস্যা মনোবিজ্ঞানের কোন শাখার সাথে সম্পর্কিত- ব্যাখ্যা কর। ৩

ঘ) সানজানার সমস্যা নিরসনে মনোবিজ্ঞানী কর্তৃক গৃহীত কার্যক্রম বিশ্লেষণ কর। ৪

### 'ক' গুচ্ছ (২, ৩ ও ৪ নং প্রশ্ন)

২. ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষক রাইয়ান হোসেন এবং আমেরিকা প্রবাসী সায়মা হোসেন যমজ ভাই-বোন। তাদের বাবা মোরশেদ হোসেন শ্যামলা ও মা তাহেরা খাতুন ফর্সা ছিলেন। তাঁর চোখের রঙ ছিলো নীল। সায়মা ও রাইয়ান উভয়েরই গায়ের রঙ ফর্সা এবং চোখের রঙ নীল। সম্প্রতি রাইয়ান হোসেন আমেরিকা সফরকালে বোনের বাসায় বেড়াতে গেলে লক্ষ্য করলেন তারা যমজ অথচ চেহারা, চাল-চলন কোনো দিক দিয়ে মিল নাই।

ক) বংশগতি কী ? ১

খ) শিশুর লিঙ্গ নির্ধারণে ক্রোমোজোম কিভাবে ভূমিকা রাখে? ২

গ) উদ্দীপকে মোরশেদ-তাহেরা দম্পতির সন্তানদের যমজের প্রকৃতি ব্যাখ্যা কর। ৩

ঘ) সায়মা ও রাইয়ানের গায়ের ও চোখের রং মিল-এর একটি বিশেষ কারণ রয়েছে— বিশ্লেষণ কর। ৪

৩. একটি বিদেশী কোম্পানীর উচ্চপদস্থ কর্মকর্তা ফারাহ। বয়স ৪৫ বছর। কর্মক্ষেত্রে তার খুবই সুনাম। ইদানীং তার খুব ক্লান্ত লাগে, ওজন বেড়ে যাচ্ছে, অনেক কিছু মনে

teachingbd.com

থাকে না। আগের মত পুর্নোদ্দমে কাজ করতে পারে না। এদিকে তার বান্ধবী শাকিলাও ইদানীং বেশ অসুস্থ থাকে। সঠিক পরিমাণে খাওয়া-দাওয়া করেও ওজন কমে যাচ্ছে, হাত-পা কাপে। লক্ষণ ভিন্ন হওয়া সত্ত্বেও পরীক্ষা নিরীক্ষার পরে একই বিশেষজ্ঞের অধীনে তাদের চিকিৎসা শুরু হয়। এবং তারা সুস্থ হয়ে উঠে।

ক) নিউরণ কী? ১

খ) স্মৃতির ক্ষেত্রে হিপোক্যাম্পাস কিভাবে ভূমিকা রাখে? ২

গ) উদ্দীপকে ফারাহর অসুস্থতার ক্ষেত্রে কোন হরমোনের প্রভাব রয়েছে বলে তুমি মনে কর— ব্যাখ্যা কর। ৩

ঘ) ফারাহ ও শাকিলার অসুস্থতার জন্য কি একই গ্রন্থি দায়ী— বিশ্লেষণ কর। ৪

৪. সাদেকুর রহমান একজন উচ্চপদস্থ সরকারী কর্মকর্তা। তিনি তার দায়িত্ব ও কর্তব্য সম্পর্কে সচেতন। জুনিয়র কর্মকর্তা হিসাবে চাকুরীজীবন শুরু হলেও বর্তমানে তিনি উচ্চপদে আসীন। তিনি চান তার দায়িত্বের পরিধি বাড়ুক এবং সবাই তার কাজের প্রশংসা করুক। তার স্ত্রী শাহনাজ রহমান সড়ক দুর্ঘটনা, ইভটিজিং,অপহরণ ইত্যাদি খবর শুনে মেয়ে তাসফিয়াকে কখনো একা স্কুলে পাঠান না। আজ ঘুম থেকে উঠতে দেরী হয়ে যাওয়ায় মা-মেয়ে তাড়াহুড়ো করে বের হয়ে যায়। রাস্তায় মেয়ে বললো যে তার শরীরে কেমন যেন অস্থিরতা অনুভূত হচ্ছে। একথা শুনে মা দ্রুত তাসফিয়াকে ডাক্তারের কাছে নিয়ে যান। পরীক্ষা-নিরীক্ষার পর ডাক্তার বললেন যে, দীর্ঘক্ষণ খাবার না খাওয়ার ফলে এমনটি হয়েছে।

ক) আবেগ কী? ১

খ) আবেগীয় মুহূর্তে হৃদপিন্ডের ক্রিয়ার পরিবর্তন এর বিষয়টি বর্ণনা কর। ২

গ) উদ্দীপকে তাসফিয়ার ক্ষেত্রে কোন প্রেষণার প্রকাশ ঘটেছে? ব্যাখ্যা কর। ৩

ঘ) তাসফিয়ার স্কুলে যাতায়াত নিয়ে শাহনাজ রহমানের মাঝে সৃষ্ট প্রেষণা ও চাকুরী ক্ষেত্রে সাদেকুর রহমানের প্রেষণা ভিন্ন ভিন্ন হলেও মূলতঃ তা একই শ্রেণির— বিশ্লেষণ কর। ৪

## 'খ' গুচ্ছ (৫, ৬ ও ৭ নং প্রশ্ন)

৫. শামীম দ্বাদশ শ্রেণির ছাত্র। পড়ালেখায় আগ্রহ নেই এবং মনোযোগ ধরে রাখতে পারে না। শামীমের বাবা শর্ত দিলেন এইচ এস সি পরীক্ষায় জিপিএ ৫ পেলে ল্যাপটপ কিনে দিবেন। এতে তার আগ্রহ বাড়লো। তার আগ্রহ বাড়লো ঠিকই কিন্তু অনেক পড়াশুনা করেও প্রাক-নির্বাচনি পরীক্ষায় সঠিকভাবে লিখতে না পারায় কলেজের মনোবিজ্ঞান শিক্ষকের কাছে গেলো। তিনি তাকে একই বিষয় বারে বারে পড়া, ছন্দের সাহায্যে মনে রাখা— এই ধরনের কিছু নিয়ম শিখিয়ে দিলেন। এইচ এস সি পরীক্ষার ফল প্রকাশের পর দেখা যায় শামীম জিপিএ ৫ পেয়েছে।

ক) স্মৃতি কী? ১


খ) শিক্ষণকে আচরণের তুলনামূলক স্থায়ী পরিবর্তন বলা হয় কেন? ব্যাখ্যা কর। ২

গ) উদ্দীপকে শামীমের ক্ষেত্রে শিক্ষণের কোন উপাদান প্রভাব ফেলেছে? ৩

ঘ) মনোবিজ্ঞানের শিক্ষক প্রদত্ত পরামর্শের যৌক্তিকতা সম্পর্কে তোমার মতামত দাও। ৪

http://teachingbd.com

৬.


চিত্র-১


চিত্র-২

ক) প্রত্যক্ষণ কী? ১
খ) উদ্দীপকের তীব্রতার সাথে সংবেদনের তীব্রতা সম্পর্কযুক্ত— ব্যাখ্যা কর। ২
গ) উদ্দীপকের চিত্র-১ এ মনোযোগের কোন ধরনের শর্ত প্রকাশ পেয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ) চিত্র-১ ও চিত্র-২ এর ক্ষেত্রে মনোযোগের ভিন্ন ভিন্ন শর্ত প্রযোজ্য হলেও তা মূলতঃ একই শ্রেণিভুক্ত— বিশ্লেষণ কর। ৪

৭. সাদমান ও শাহীন এস এস সি পরীক্ষায় জিপিএ ৫ পাওয়ায় ঢাকার একটি স্বনামধন্য কলেজে ভর্তি হওয়ার সুযোগ পায়। তারা ঢাকায় মেস ভাড়া নেয়। সাদমান হাসিখুশি পারিবারিক পরিবেশ ছেড়ে ঢাকায় নতুন জটিল পরিবেশে সুন্দরভাবে নিজেকে মানিয়ে নেয়। পড়ালেখার পাশাপাশি কলেজের বিভিন্ন সৃজনশীল কাজে উদ্যোগী ভূমিকা পালন করে। মায়ের নজরদারীতে বড় হওয়া স্বাধীন শাহীন স্বেচ্ছাচারী জীবনযাপন বেছে নেয়।

ক) বয়ঃসন্ধিকাল কী? ১
খ) মানসিক স্বাস্থ্য আন্দোলনে এর ভূমিকা গুরুত্বপূর্ণ কেন? ২
গ) উদ্দীপকে সাদমানের মানসিক স্বাস্থ্যের উপর পরিবেশের কোন উপাদানের প্রভাব ফুটে উঠেছে— ব্যাখ্যা কর। ৩
ঘ) 'সাদমান ও শাহীনের উপর প্রভাববিস্তারকারী পরিবেশ এক হলেও ধরণ ভিন্ন'- বিশ্লেষণ কর। ৪

Teachingbd.com

৮. নিম্নে ২৫ জন ছাত্রীর গার্হস্থ্য অর্থনীতি বিষয়ে প্রাপ্ত নম্বর বিন্যস্ত আকারে উপস্থাপন করা হলো ঃ

| শ্রেণি | ছাত্র সংখ্যা |
|---|---|
| ৫০-৫৪ | ১ |
| ৪৫-৪৯ | ৩ |
| ৪০-৪৪ | ৫ |
| ৩৫-৩৯ | ১০ |
| ৩০-৩৪ | ৩ |
| ২৫-২৯ | ২ |
| ২০-২৪ | ১ |
| | N = ২৫ |

ক) উপাত্ত কী ? ১
খ) কি কারণে মনোবিজ্ঞানে পরিসংখ্যান পড়ানো হয়? ব্যাখ্যা কর। ২
গ) গড়ের সুবিধাসমূহ বর্ণনা কর। ৩
ঘ) প্রদত্ত উপাত্ত থেকে ছাত্রদের গড় নম্বর নির্ণয় কর। ৪

**বিষয় ঃ মনোবিজ্ঞান ১ম পত্র (বহুনির্বাচনি)** বিষয় কোড | ১ | ২ | ৩ |

**সময় ঃ ২৫ মিনিট** **পূর্ণমান—২৫**

**[ বিশেষ দ্রষ্টব্য ঃ সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রের প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বলপয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান-১ ]**

১. মনোবিজ্ঞানের প্রথম গবেষণাগার কোন সালে স্থাপিত হয়?
ক ১৮৭৫ খ ১৮৭৯ গ ১৯১৩ ঘ ১৯৮৯

২. "The Interpretation of Dream" কার মূল কাজের ফসল?
ক সিগমন্ড ফ্রয়েড খ উইলিয়াম জেমস
গ উইলহেম উন্ড ঘ কার্ল রজার্স

৩. 'সাহায্যকারী প্রক্রিয়া' হিসেবে মনোবিজ্ঞানের কোন শাখাকে অভিহিত করা হয়?
ক শিক্ষা মনোবিজ্ঞান খ কাউন্সেলিং মনোবিজ্ঞান
গ পরীক্ষণ মনোবিজ্ঞান ঘ শিশু মনোবিজ্ঞান

৪. মনোবিজ্ঞানের যে সকল দৃষ্টিভঙ্গি রয়েছে তা হচ্ছে—
i. আচরণগত দৃষ্টিভঙ্গি ii. মানবিক দৃষ্টিভঙ্গি
iii. জ্ঞানীয় দৃষ্টিভঙ্গি
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

৫. প্রতিটি জননকোষে কত জোড়া ক্রোমোজোম থাকে?
ক ২২ খ ২৩ গ ২৪ ঘ ২৫

৬. ডি এন এর রাসায়নিক শৃঙ্খলগুলোর নাম কি?
i. ডি-অক্সিরিবোজ ii. নিউক্লিইন
iii. ফসফেট
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

৭. মায়ের গর্ভধারণের জন্য সবচেয়ে উপযোগী বয়স কি?
ক ২০-৩০ বছর খ ২০-৩৫ বছর
গ ২৫-৩৫ বছর ঘ ২৫-৩০ বছর

৮. একই জাতীয় অনেকগুলো কোষ মিলে কি গঠিত হয়?
ক অঙ্গ খ কলা গ তন্ত্র ঘ স্নায়ুকোষ

৯. সমবেদী স্নায়ুতন্ত্রের প্রধান কাজ হচ্ছে—
i. শ্বাসযন্ত্রের ক্রিয়া বাড়ানো
ii. রক্তের চাপ বাড়িয়ে দেয়া
iii. পরিপাক ক্রিয়ায় সহায়তা করা
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

**নিচের উদ্দীপকটি পড় এবং ১০ ও ১১ নং প্রশ্নের উত্তর দাও ঃ**
১৮ মাস বয়সী মাঈশা অপরিচিত মানুষ বা নতুন কিছু দেখলে কেঁদে উঠে এবং তাড়াতাড়ি সরে যেতে চায়।

১০. উদ্দীপকে মাঈশা বিকাশের কোন পর্যায়ে পরে?
ক প্রাক-শৈশবকাল খ শৈশবকাল
গ বাল্যকাল ঘ বয়োঃসন্ধিকাল

১১. উদ্দীপকে মাঈশার কোন ধরনের আবেগময় প্রতিক্রিয়া দেখা যায়?
ক রাগ খ ভয় গ কৌতুহল ঘ হিংসা

১২. জন্মগতভাবে সৃষ্ট জীবনধারনের জন্য অপরিহার্য, ভারসাম্য সংস্থাপক মানসিক প্রক্রিয়া কোনটি?
ক প্রেষণা খ আবেগ গ সংবেদন ঘ প্রত্যক্ষণ

১৩. Motive শব্দের অর্থ কী?
ক আবেগ খ অভিজ্ঞতা
গ উদ্দেশ্য ঘ বাইরে পরিচালিত

১৪. শ্বাস-প্রশ্বাসের পরিবর্তন কোন যন্ত্রের সাহায্যে পরিমাপ করা যায়?
ক ইলেক্ট্রোকার্ডিওগ্রাফ খ পিউপিলোমিটার
গ নিউমোগ্রাফ ঘ ইলেকট্রোডারমাল

১৫. স্মৃতিকে কয়টি শ্রেণিতে ভাগ করা যায়?
ক ২টি খ ৩টি গ ৪টি ঘ ৫টি

১৬. স্মৃতির সংজ্ঞায় বলা হয়েছে—
i. স্মৃতি এক ধরনের মানসিক ক্ষমতা
ii. তথ্য সংরক্ষণ করতে হবে
iii. প্রয়োজনে তথ্য পুনরুৎপাদন করতে হবে
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

১৭. Survey Q3R কী?
ক শিক্ষণের প্রভাববিস্তারকারী উপাদান
খ স্মৃতি পরিমাপ পদ্ধতি
গ স্মৃতি উন্নত করার কৌশল
ঘ কার্যসম্পাদনের পার্থক্য

১৮. স্বল্পস্থায়ী স্মৃতির ধারণ ক্ষমতা কত সেকেন্ড?
ক ১০ খ ২০ গ ৩০ ঘ ৪০

**নিচের উদ্দীপকের আলোকে ১৯ ও ২০ নং প্রশ্নের উত্তর দাও ঃ**

| দৃশ্যকল্প-১ | দৃশ্যকল্প-২ |
| --- | --- |
| সমীর দাদাবাড়ি যাওয়ার সময় চলন্ত ট্রেন থেকে লক্ষ করলো পাশের গ্রাম, বাড়ি-ঘর সব ওর সাথে সাথে যাচ্ছে। |  |

১৯. দৃশ্যকল্প-১ এ সমীরের এই ধরনের ভ্রান্তির কারণ কী?
ক জ্যামিতিক অধ্যাস খ গতি অধ্যাস
গ চান্দ্র অধ্যাস ঘ প্রাকৃতিক অধ্যাস

২০. দৃশ্যকল্প-২ এ কোন গ্রন্থি নিঃসৃত হরমোনের প্রভাব প্রকাশ পেয়েছে?
ক পিটুইটারি খ থাইরয়েড
গ এড্রিনাল ঘ প্যারাথাইরয়েড

২১. প্রেষণা প্রত্যক্ষণ সংগঠনের কোন ধরনের উপাদান?
ক উদ্দীপক উপাদান খ জৈবিক উপাদান
গ কেন্দ্রীয় উপাদান ঘ সামাজিক উপাদান

২২. ছেলেদের ক্ষেত্রে বয়োঃসন্ধিকালের বয়সসীমা কত?
ক ১১-১৫ বছর খ ১১-১৬ বছর
গ ১২-১৫ বছর ঘ ১২-১৬ বছর

২৩. মানসিক স্বাস্থ্য আন্দোলনের প্রবর্তক কে?
ক জেমস সি কোলম্যান খ ক্লিফোর্ড ডব্লিউ বিয়ার্স
গ ডি জি মায়ার্স ঘ জি ওয়াটসন

২৪. জাতীয় মানসিক স্বাস্থ্য ইউনিট কত সালে প্রথম প্রতিষ্ঠিত হয়?
ক ১৯০৮ খ ১৯০৯ গ ১৯২২ ঘ ১৯৪৯

২৫. সাফল্যাংকসমূহের যোগফলকে তাদের সংখ্যা দিয়ে ভাগ করে যে সংখ্যা পাওয়া যায় তার নাম কি?
ক গড় খ মধ্যমা
গ প্রচুরক ঘ পরিসর

Teachingbd.com

http://teachingbd.com